

## বান্দরবানের ঘটনার প্রভাব পর্যটন খাতে পড়বে না: টুরিস্ট পুলিশ প্রধান

- A Monitor Desk Report

Date: 07 April, 2024



ঢাকা: বান্দরবানে গত কয়েক দিনে ব্যাংকে ডাকাতি, অপহরণ ও হামলার ঘটনার প্রভাব দেশের পর্যটন খাতের ওপর পড়বে না বলে মন্তব্য করেছেন টুরিস্ট পুলিশ প্রধান ডিআইজি আবু কালাম সিদ্দিক।

শনিবার (৬ এপ্রিল) দুপুরে আশুলিয়ার জামগড়া এলাকায় টুরিস্ট পুলিশের জোনাল অফিসের উদ্বোধন অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, পার্বত্য এলাকায় আমাদের যৌথবাহিনী অপারেশন করছে। নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। এই বিচ্ছিন্ন ঘটনার কোনো ধরনের প্রভাব বাংলাদেশের টুরিস্ট খাতে পড়বে না।

পহেলা বৈশাখে দেশের সকল টুরিস্ট স্পটে নিরাপত্তা দিতে টুরিস্ট পুলিশ সুপারদের নির্দেশনা দেওয়া হয়েছে উল্লেখ করে তিনি বলেন, সাভার-আশুলিয়া ও ধামরাইয়ের বিভিন্ন বিনোদন কেন্দ্র, হোটেল-রিসোর্টে আসা দেশি-বিদেশি দর্শনার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে টুরিস্ট পুলিশের এই আঞ্চলিক জোন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

সাভার আশুলিয়া ও ধামরাই অঞ্চলের বিনোদন কেন্দ্রগুলোতে টুরিস্ট ও দর্শনার্থীদের নিরাপত্তায় এই প্রথম টুরিস্ট পুলিশ সংযোজন হলো। আপাতত এ অঞ্চলে পুলিশের এই ইউনিটের ২০ জন সদস্য কাজ করবে।

এ সময় টুরিস্ট পুলিশের ঢাকা অঞ্চলের পুলিশ সুপার নাইমুল হক, পুলিশ সুপার বদরুল আলম মোল্লা, আশুলিয়া জোনের ইন-চার্জ মনিরুল হক ডাবলুসহ অন্যান্য উপস্থিত ছিলেন।

